



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd



স্মারক নং : মাধ্য/পনি-৬৩/৭০

তারিখ : ১৫-১১-২০২১ খ্রি.

বিষয় : এসএসসি পরীক্ষা-২০২১ এর ফরমপূরণ বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অর্থ ফেরত প্রদান সংক্রান্ত ।

সূত্র : ০৩-১১-২০২১ তারিখের আশিবি/৯৯ নং স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে ২০২১ সালের এসএসসি পরীক্ষা সংক্ষিপ্ত পরিসরে গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পরীক্ষার্থীদের তত্ত্বীয় পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা ও কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্তঃবোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটির ১৬৬ তম সভায় ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির ৫৩৩ তম সভায় অনুমোদিত হয়।

বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত :

- ক) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরমপূরণ করেছে তাদের প্রবেশ পত্রে উল্লেখিত প্রতিটি পত্রের যে সকল পত্র/বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে সেই সকল বিষয় ব্যতীত অন্য বিষয়/পত্রের জন্য আদায়কৃত বোর্ড কর্তৃক নির্ধারিত ফি হতে পত্র প্রতি (তত্ত্বীয়) ৩০/- (ত্রিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে।
- খ) পরীক্ষার্থীর ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে (আইসিটি ব্যতীত) আদায়কৃত বোর্ড কর্তৃক নির্ধারিত ফি হতে বিষয় প্রতি ২০/- (বিশ) টাকা এবং আইসিটি বিষয়ের ব্যবহারিক বোর্ড ফি ৩০/- (ত্রিশ) টাকা ও চতুর্থ বিষয়ের ব্যবহারিক বোর্ড ফি ৩০/- (ত্রিশ) টাকা ফেরত প্রদান করা হবে।

বোর্ড কর্তৃক ফেরত প্রদানের অর্থ সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নিজ নিজ প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে।

কেন্দ্র ফি হতে পরীক্ষার্থীকে ফেরত :

- ক) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরমপূরণ করেছে এবং পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে (নূন্যতম ০১ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করার ক্ষেত্রেও) তাদের কেন্দ্র ফি হতে পরীক্ষার্থী প্রতি ১০০/- (একশত) টাকা এবং আইসিটি বিষয়ের ক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃক আদায়কৃত ২৫/- (পঁচিশ) টাকা ও চতুর্থ বিষয়ের ব্যবহারিক পরীক্ষা বাবদ আদায়কৃত ১০/- (দশ) টাকা পরীক্ষার্থীকে ফেরত প্রদান করতে হবে।
- খ) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরমপূরণ করেছে কিন্তু পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে না সেক্ষেত্রে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ৪০০/- (চারশত) টাকা এবং আইসিটি বিষয়ে অতিরিক্ত আরও ২৫/- (পঁচিশ) টাকা চতুর্থ বিষয়ের ব্যবহারিক পরীক্ষা বাবদ প্রতিষ্ঠান কর্তৃক আদায়কৃত ১০/- (দশ) টাকা পরীক্ষার্থীকে ফেরত প্রদান করতে হবে।

পরীক্ষার্থী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে বোর্ড প্রদত্ত অব্যয়িত অর্থ ও অব্যয়িত কেন্দ্র ফি গ্রহণ করবে।

বিঃ দ্র : এসএসসি পরীক্ষা-২০২১ এর প্রতি পরীক্ষার্থী বোর্ড ও কেন্দ্র হতে কত টাকা ফেরত পাবে সে বিষয়ে বোর্ড হতে তাদের/অভিভাবকের মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে

(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬

ই-মেইল: controller@jessoreboard.gov.bd

প্রধান শিক্ষক

এ বোর্ডের আওতায় সকল

মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সমূহ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ২। উপ-পরিচালক (হিওনি), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫। সংরক্ষণ নথি